

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৯৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - করমর্দন ও আলিঙ্গন

আরবী

وَعَنَ عَطَاءٍ الْخُرَاسَانِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «تَصَافَحُوا يَذْهَبِ الْغِلُّ وَتَهَادَوْا تَحَابُّوا وَتَذْهَبِ الشَّحْنَاءُ» رَوَاهُ مَالِكُ مُرْسَلًا

বাংলা

৪৬৯৩-[১৭] 'আত্বা আল খুরাসানী (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা পরস্পর করমর্দন করো, এতে অন্তরের হিংসা ও বিদ্বেষ অন্তর্হিত হয় এবং পরস্পরের মধ্যে উপটোকন বিনিময় করো, এতে ভালোবাসা ও আন্তরিকতা বৃদ্ধি পায় এবং শক্রতা দূরীভূত হয়। [ইমাম মালিক (রহিমাহুল্লাহ) এ হাদীসটি মুরসাল হিসেবে বর্ণনা করেছেন][1]

ফুটনোট

[1] য'ঈফ : মুওয়াত্ত্বা মালিক ৩৩৬৮।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো, এর সনদে 'আত্বা'' নামের এক বর্ণনাকারী আছে। হাফিয ইবনু হাজার (রহিমাহুল্লাহ) বলেনঃ সে বিশ্বস্ত, তবে অনেক ভুল করত, মুরসাল করত এবং তাদলীস করত (মুদাল্লিস)। দেখুন-হিদায়াতুর্ রুওয়াত ৪/৩৩৪ পৃঃ, ইরওয়াউল গালীল ৬/৪৪, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১৭৬৬, য'ঈফুল জামি' ৬১৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الشَّحْنَاءُ) شين বর্ণে 'যবর' যোগে। এর অর্থ অন্তরভর্তি শক্রতা। তিরমিযীতে রয়েছে, তোমরা পরস্পরে হাদিয়া (উপঢৌকন) আদান-প্রদান কর। তাহলে অন্তরের বিদ্বেষ দূরীভূত হবে। কোন প্রতিবেশী যেন তার প্রতিবেশীর বকরীর খুর প্রদান করাকে তুচ্ছজ্ঞান না করে।

অন্য এক বর্ণনায় আছে, তোমরা পরস্পরের খাদ্য হাদিয়া লেন-দেন করো। কারণ এতে তোমাদের রিজিক প্রশস্ত



হয়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আত্মা আল খুরাসানী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন